



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ  
প্রশাসন-০১ শাখা  
শেরে বাংলা নগর, ঢাকা  
[www.imed.gov.bd](http://www.imed.gov.bd)



নং-২১.০০.০০০০.০০৩.০৫.০২৩.২০.১৪০

তারিখঃ ২২ আষাঢ় ১৪২৮  
০৬ জুলাই ২০২১

**বিষয়ঃ আইএমইডি'র ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৯.৪ নং কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জন সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আইএমইডি'র ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৯.৪ নং কার্যক্রমে 'গণখাতে বৃহৎ প্রকিউরমেন্ট তৃতীয়পক্ষ দ্বারা পর্যালোচনা' ০৯টি লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল। উল্লেখ্য, উক্ত লক্ষ্যমাত্রা ৪র্থ কোয়ার্টার বাস্তবায়নের জন্য নির্ধারিত ছিল।

০২। ৪র্থ কোয়ার্টারে (এপ্রিল ২০২১ - জুন ২০২১) কোভিড-১৯ সংক্রমণ পরিস্থিতির কারণে উক্ত কার্যক্রম বাস্তবায়ন করা সম্ভব হয়নি। এ বিষয়ে অর্থ বিভাগের সাথে আলোচনা করে উক্ত কার্যক্রমের বিপরীতে বরাদ্দ সমুদয় ০৩.০০ (তিন) কোটি টাকা ইতোপূর্বে যথানিয়মে ফেরত প্রদান করা হয়েছে।

০৩। প্রসংগত উল্লেখ্য যে, ২০২০-২০২১ অর্থবছরের আইএমইডি কর্তৃক বেসরকারি পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ করে বিভিন্ন মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নধীন ২২টি উন্নয়ন প্রকল্পের কার্যক্রম নিবিড় পরিবীক্ষণ করে ইতোমধ্যে পরিবীক্ষণের ফলাফল ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। উক্ত নিবিড় পরিবীক্ষণে অর্থবছরওয়ারি ক্রয় পরিকল্পনা ও কার্য পরিকল্পনা পর্যালোচনা ও বিশ্লেষণ করে মতামত/সুপারিশ প্রদান করা হয়েছে।

০৪। বর্ণিত প্রেক্ষাপটে আলোচ্য ৯.৪ নং কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়টি বিদ্যমান কোভিড-১৯ সংক্রমণ পরিস্থিতির কারণে সদয় বিবেচনা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

Moham  
04/09/2021  
(মুহাম্মদ মশিউর রহমান)  
সিনিয়র প্রোগ্রামার  
ফোন: ৪৮১১৮৮২৮

সচিব

(সমন্বয় ও সংস্কার)

মন্ত্রিপরিষদ বিভাগ

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(দৃঃআঃ-সিনিয়র সহকারী সচিব

শুদ্ধাচার শাখা)।

**সদয় অবগতির জন্য অনুলিপি:**

০১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), সিপিটিইউ, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।